/

UNION BANK LTD
SHARIAH BASED BANK
Local Bank Global Opportunity

সংযোজনী #02

তারিখঃ ১৯.১২.২০২২

**নৈতিকতা (Ethics) কমিটির ২৩তম সভার সিদ্ধান্তসমূহ**

ইউনিয়ন ব্যাংক এর নৈতিকতা কমিটির ২৩ তম সভা ৫ ই ডিসেম্বর, ২০২২ (সোমবার) দুপুর ০৩:৩০ মিনিটে সভাকক্ষে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ব্যাংকের সম্মানিত অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ হাবিবুর রহমান।

এই সভায় ব্যাংকের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ-

| | | | |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ হাবিবুর রহমান | অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক | সভাপতি |
| ২ | জনাব গোলাম মোস্তাফা | প্রধান, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন এবং প্রতিপালন বিভাগ | সদস্য |
| ৩ | জনাব মোঃ মাইনুল ইসলাম চৌধুরী | ইভিপি এবং প্রধান, মানব সম্পদ বিভাগ এবং সাধারণ সেবা বিভাগ | সদস্য |
| ৪ | জনাব মোঃ আজাদুর রহমান | ইভিপি এবং প্রধান, বিনিয়োগ প্রসাশন বিভাগ | সদস্য |
| ৫ | জনাব মোহাম্মদ মফিদুল হক | ভিপি, মানব সম্পদ বিভাগ | সদস্য |
| ৬ | জনাব মোঃ হেদায়েত উল্লাহ | এসএভিপি এবং অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট | সদস্য-সচিব |

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। আলোচনার প্রারম্ভে ২২ তম সভার গৃহিত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা (২০২২-২৩) এর প্রথম ত্রৈমাসিক প্রতিবেদনের পর্যালোচনা করা হয়। এবং প্রতিবেদনে প্রাসঙ্গিক বিষয় গুলো সভায় উপস্থাপন করা হয়।

**নৈতিকতা (Ethics) কমিটির সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।**

- জনাব মো হাসান ইকবাল, উপব্যবস্থাপনা পরিচালক, ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি এর অবসরজনিত কারণে ফোকাল পয়েন্ট এর স্থান শূণ্য হওয়ায় নতুন ফোকাল পয়েন্ট হিসেব জনাব মোঃ নজরুল ইসলাম , উপব্যবস্থাপনা পরিচালক কে সর্বসম্মতিক্রমে নতুন ফোকাল পয়েন্ট নির্বাচন করা হয়।
- কর্মকর্তাদের মধ্যে শুদ্ধাচার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে চলমান শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের আওতা বৃদ্ধি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- জাতীয় শুদ্ধাচার কৌশল ও বাংলাদেশ ব্যাংক প্রেরিত 'শুদ্ধাচার পুরস্কার নীতিমালা' (বিআরপিডি সার্কুলার # ৩৪, তারিখঃ ৫ সেপ্টেম্বর, ২০২২) এর আলোকে প্রত্যেক শাখা ত্রৈমাসিক সভা আয়োজন করবে এবং সভার কার্যবিবরনী ইথিক্স কমিটিতে প্রেরণ করবে।
- অংশীজনের অংশগ্রহণ সভা আয়োজনে গুলশান, বনানী, খাতুনগঞ্জ, আগ্রাবাদের পাশাপাশি পান্থপথ শাখার নাম অর্ন্তভূক্তকরণ ও উক্ত শাখা সভা আয়োজনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- ২০২২-২৩ অর্থবছরের ক্রয়পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য স্ব স্ব বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- দূর্যোগ সাড়াদান টিম গঠন ও আপদকালীন পরিকল্পনা প্রণয়নে স্ব স্ব বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
- CMMS এ প্রযোজ্য তথ্য এন্ট্রি প্রদান কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তা অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ইনোভেশন কমিটির পুনর্গঠন এর বিষয়ে আলোচনা করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

19.12.22

মোঃ হেদায়েত উল্লাহ
এসএভিপি এবং অধ্যক্ষ, প্রশিক্ষণ ইনস্টিটিউট
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

মোহাম্মদ মফিদুল হক
ভিপি, মানব সম্পদ বিভাগ
সদস্য, নৈতিকতা কমিটি

মোঃ মাইনুল ইসলাম চৌধুরী
ইভিপি এবং প্রধান, মানব সম্পদ বিভাগ
সদস্য, নৈতিকতা কমিটি

মোঃ আজাদুর রহমান
ইভিপি এবং প্রধান, বিনিয়োগ প্রসাশন বিভাগ
সদস্য, নৈতিকতা কমিটি

গোলাম মোস্তাফা
এসইভিপি এবং প্রধান
অভ্যন্তরীণ নিয়ন্ত্রন এবং প্রতিপালন বিভাগ
সদস্য, নৈতিকতা কমিটি

মোঃ হাবিবুর রহমান
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক
সভাপতি, নৈতিকতা কমিটি